

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও ভূগোল
সপ্তম শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ সূর্যের উত্তরায়নের সময়কাল —

- ক) ২১ শে জুন থেকে ২২ শে ডিসেম্বর
- খ) ২৩ শে সেপ্টেম্বর থেকে ২১ শে মার্চ
- গ) ২২ শে ডিসেম্বর থেকে ২১ শে জুন
- ঘ) ২১ শে মার্চ থেকে ২৩ শে সেপ্টেম্বর

১.২ কোনো মানচিত্রে সমচাপরেখাগুলি খুব কাছাকাছি অবস্থান করলে সেখানে —

- ক) বায়ুর চাপ বেশি হয়
- খ) বায়ুর চাপের পার্থক্য বেশি হয়
- গ) বায়ুর চাপ কম হয়
- ঘ) বায়ুর চাপের পার্থক্য কম হয়

১.৩ টোকিও - ইয়োকোহামা শিল্পাঞ্চলের উন্নতির অন্যতম প্রধান কারণ হলো —

- ক) খনিজ ও শক্তি সম্পদের সহজলভ্যতা
- খ) স্বল্প জনঘনত্ব
- গ) উন্নত প্রযুক্তি ও দক্ষ শ্রম
- ঘ) সমুদ্র থেকে দূরবর্তী স্থানে অবস্থান

২. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো :

- ২.১ নিরক্ষরেখা থেকে মেরুর দিকে অক্ষরেখার পরিধি ক্রমশ _____ থাকে।
- ২.২ বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ কমে গেলে বায়ুর চাপ _____ পায়।
- ২.৩ এশিয়া মহাদেশের একটি উত্তরবাহিনী নদী হলো _____।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ কোন তারিখকে কর্কট সংক্রান্তি বলা হয় ও কেন?

৩.২ মেরু অঞ্চল ও নিরক্ষীয় অঞ্চলে বায়ুর উন্নতার তারতম্য কীভাবে দুই অঞ্চলের বায়ুচাপকে নিয়ন্ত্রণ করে তা ব্যাখ্যা করো।

৪. এশিয়া মহাদেশের নিরক্ষীয় ও উষ্ণ মরু জলবায়ু স্বাভাবিক উদ্ভিদের চরিত্রকে কীভাবে প্রভাবিত করে তা আলোচনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।